**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**30 JULY 2024** **7:45—7:55 PM IST**

====================================================

(১) মনু ভাকের এবং সরবজ্যোৎ সিং প্যারিস অলিম্পিকের দশ মিটার এয়ার পিস্তলের মিক্স্ড শাখার দলগত বিভাগে ব্রোঞ্জ পদক জয় । ভারতীয় শ্যুটার জুটিকে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রীর অভিনন্দন/

(২) আসামের রাজ্যপাল হিসেবে লক্ষ্মণ প্রসাদ আচার্যের শপথ গ্রহণ/ বিদায়ী রাজ্যপাল গুলাবচান্দ কাটারিয়াকে বরঝাড় বিমান বন্দরে গার্ড অব অনার/

(৩) রাজ্য সরকারের 'অভিনন্দন শিক্ষাঋণ সরকারি সহায়তা প্রকল্প'এর আওতায় বিগত চার বছরের ঋণ গ্রহণকারী রাজ্যের শিক্ষার্থীদের এককালীন ৫০ হাজার টাকা প্রদানের ঘোষণা/

এবং

(৪) ধলাই (সংরক্ষিত) বিধানসভা কেন্দ্রের আসন্ন উপ-নির্বাচনের পরিপ্রেক্ষিতে আজ এই বিধানসভা এলাকার সংশোধিত খসড়া ভোটার তালিকা প্রকাশ/

---

মনু ভাখের ও সরবজ্যোত সিং আজ প্যারিস অলিম্পকের ১০ মিটার এয়ার পিস্তলের মিক্সড শাখার দলগত বিভাগে ব্রোঞ্জের পদক লাভ করেছেন । ভারতীয় শুটার জুটি কোরিয়ার পুরুষ-মহিলার শুটার দলটিকে ১৬-১০ পয়েন্টের ব্যাবধানে পরাজিত করে ব্রোঞ্জের পদক অর্জন করেন । মনু ভাখের এই পদক লাভ করে একই অলিম্পিকে দুটি পদক জয় করা প্রথম ভারতীয় হিসেবে রেকর্ড গড়েন । মনু ভাখের এরপূর্বে গত রবিবার মহিলার ১০ মিটার এয়ার পিস্তল ইভেন্টে ব্রোঞ্জের পদক অর্জন করেন । ভারতীয় দুজন এথলিট ব্রোঞ্জের পদক জয় করার পর রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মূ তাদের অভিনন্দন জানিয়েছেন । সামাজিক মাধ্যমে একবার্তায় রাষ্ট্রপতি বলেন যে প্রথম মহিলা শুটার হিসেবে একই অলিম্পিকে দুটি পদক জয় করে মনু ভাখের ইতিহাস রচনা করেছে । তাঁর এই জয় সমগ্র জাতিকে গৌরবান্বিত করেছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও মনু ভাখের ও সরবজ্যোত সিংকে অভিনন্দন জানিয়ে বলেন যে ভারতীয় শুটাররা দেশকে গৌরবান্বিত করে আসছে ।

---

কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন যে- কৃষি পরিকাঠামো তহবিলের আওতায় দেশের বিভিন্ন প্রান্তে ৭৬ হাজার কোটি টাকা ব্যয়সাপেক্ষে ৭২ হাজার পরিকাঠামো প্রকল্প নির্মাণ করা হয়েছে । কৃষিক্ষেত্রে লোকসান হ্রাস করা, কৃষকদের উচিতমূল্য প্রদান করা, এই ক্ষেত্রে উদ্ভাবনী মূলক কাজে উৎসাহ যোগানো এবং কৃষি পরিকাঠামোর জন্যে বিনিয়োগ আকর্ষণ করতে ২০২০ সালে এই প্রকল্পগুলির সূচনা করা হয়েছিল । কৃষিমন্ত্রী শ্রী চৌহান আরো বলেন যে- এই প্রকল্পের অধীনে ব্যাংক এবং অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান সমূহ যোগ্য ঋণ প্রাপকদেরকে এক লক্ষ কোটি টাকা প্রদান করেছে । লোকসভায় করা এক পরিপূরক প্রশ্নের উত্তরে শ্রী চৌহান একথা জানান । তিনি বলেন যে- সরকার কৃষকদেরকে তাদের উৎপাদিত ফসলের উচিত মূল্য লাভের ব্যবস্থা করে দিতে শস্য মজুত করার জন্যে উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করেছে । সরকার শস্যের উৎপাদন বৃদ্ধি করার জন্য লাগাতর কাজ করে যাচ্ছে বলেও তিনি প্রকাশ করেন । শ্রী চৌহান বলেন যে- দেশে কৃষিক্ষেত্রের বিকাশের হার প্রায় চার শতাংশ বৃদ্ধি পেয়েছে এবং বৃহৎ পরিমাণের খাদ্য সামগ্রী মজুত রয়েছে ।

---

লক্ষনপ্রসাদ আচার্য আজ আসামের রাজ্যপাল হিসেবে শপথগ্রহণ করেন । গৌহাটী হাইকোর্টের মূখ্য বিচারপতি বিজয় বিষ্ণ নবনিযুক্ত রাজ্যপালকে পদ ও গোপনীয়তার শপথবাক্য পাঠ করান । লক্ষণপ্রসাদ আচার্যকে আসামের সঙ্গে মণিপুরের রাজ্যপাল হিসেবেও অতিরিক্ত দায়িত্ব দেওয়া হয়েছে । লক্ষণপ্রসাদ আচার্য সিকিমের রাজ্যপাল হিসেবে কার্যনির্বাহ করেছেন । শ্রীমন্ত শঙ্করদেব কলাক্ষেত্রে আয়োজিত শপথগ্রহণ অনুষ্ঠানে মূখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা সহ বেশকয়েকজন বিশিষ্ট ব্যাক্তি উপস্থিত ছিলেন ।
এদিকে গৌহাটীস্থিত বাজপেয়ী ভবনে আসামের প্রাক্তন লোকসভা সাংসদ রমেন ডেকাকে ছত্তিশগড়ের রাজ্যপাল হিসেবে নিযুক্তি দেবার জন্য সম্বর্ধনা জানানো হয় ।রাজ্য বিজেপির নেতা কর্মীরা শ্রী ডেকাকে সম্বর্ধনা জানান ।

---

রাজ্যের সদ্য প্রাক্তন রাজ্যপাল গুলাবচান্দ কাটারিয়া আজ আসাম থেকে আনুষ্ঠানিকভাবে বিদায় নিয়েছেন । বরঝাড়ের লোকপ্রিয় গোপীনাথ বরদলৈ আর্ন্তজাতিক বিমান বন্দরে শ্রী কাটারিয়াকে গার্ড অব অনারের মাধ্যমে বিদায় জানানো হয় । পাঞ্জাবের রাজ্যপাল হিসেবে নিযুক্তি পাওয়া শ্রী কাটারিয়া আসাম ছাড়ার আগে আসাম এবং আসামের জনসাধারণ তাঁকে যথেষ্ট ভালোবাসা দিয়েছে বলে প্রকাশ করেন । তিনি আরো বলেন যে- প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর কার্যকালে আসামে শান্তি শৃঙ্খলা অটুট রয়েছে । এদিকে রাজ্যের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ সকালে রাজভবনে গিয়ে রাজ্যপাল গুলাবচান্দ কাটারিয়া এবং তাঁর পত্নীকে বিদায় সম্ভাষণ জানান । মুখ্যমন্ত্রীর সঙ্গে তাঁর ক্যাবিনেটের অন্য এক সদস্য অশোক সিংঘালও ছিলেন । বিদায়ী রাজ্যপাল তাঁর কার্যকালে রাজ্যের জন্যে প্রদান করা সেবার জন্য আসামের জনসাধারণের হয়ে মুখ্যমন্ত্রী শ্রী কাটারিয়ার প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন । এবং একইসঙ্গে নতুন দায়িত্বের জন্য শুভেচ্ছা জ্ঞাপন করেন ।

---

মরিগাঁও জেলা মূখ্যমন্ত্রী ড্যাশ বোর্ডে ষষ্ঠ স্থানে উন্নীত হয়েছে এবং রাজ্যের মধ্যে অন্যতম সফল জেলা হিসেবে পরিগণিত হয়েছে । জেলাসমূহের প্রদর্শন

ও পারদর্শিতার ভিত্তিতে মূখ্যমন্ত্রী ড্যাশ বোর্ডে থাকা ১৬ টি বিভিন্ন বিভাগের কাজকর্ম এবং সেবা মূল্যায়নের ভিত্তিতে জেলাটি ষষ্ঠ স্থান লাভ করেছে । গৌহাটীতে অনুষ্ঠিত আয়ুক্তদের সম্মেলনে একথা জানানো হয়েছে । জেলাগুলির প্রদর্শন ও পারদর্শিতা নিরূপন করা সহ পরস্পরের মধ্যে সুস্থ প্রতিযোগীতার পরিবেশ গড়ে তোলা এবং জনসাধারণের জন্য প্রদান করা সেবার মান উন্নত করার জন্য মূখ্যমন্ত্রী ড্যাশ বোর্ডে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ ,পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, বিদ্যালয় শিক্ষা ,কৃষি ,রাজস্ব ও দূর্যোগ ব্যাবস্থাপনা ইত্যাদি ১৬ টি বিভিন্ন বিভাগের সেবা ও কাজকর্মের মূল্যায়ন করা হয় । প্রতিটি বিভাগের ৪০ টি বিভিন্ন বিষয়ের পরিমাপ মূল্যায়নের মাধ্যমে এই জেলাসমূহের স্থান নিরূপন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------

রাজ্য সরকারের শিক্ষার্থীদের উচ্চ শিক্ষার জন্য ‘অভিনন্দন শিক্ষা ঋণ সরকারি সহায়তা প্রকল্প‘ কার্যকর করার জন্য অর্থ বিভাগ একটি বিজ্ঞপ্তি জারী করেছে । সে অনুসারে ২০২০ সালের পয়লা এপ্রিল থেকে ২০২৪ সালের ৩১ শে মার্চ পর্যন্ত উচ্চ শিক্ষার জন্য ঋণ গ্রহণ করা ছাত্র ছাত্রীদের এককালীন সাহায্য হিসেবে ৫০ হাজার টাকা দেওয়া হবে ।এই ঋণ লাভ করা শিক্ষার্থীদের মধ্যে যদি কেউ তাদের একাউন্ট ইতিমধ্যে বন্ধ করে থাকেন , তবে তারা এই প্রকল্পের সুবিধা থেকে বঞ্চিত হবেন । এই প্রকল্পে কেবলমাত্র আসামের স্থায়ী বাসিন্দাদেরই অর্ন্তভুক্ত করা হবে ।আসামে বা রাজ্যের বাইরে অধ্যয়নরত এবং রিজার্ভ ব্যাঙ্কের স্বীকৃতিপ্রাপ্ত বাণিজ্যিক ব্যাঙ্ক ,আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্ক ,আসাম কোপারেটিভ এপেক্স ব্যাঙ্ক থেকে ঋণ লাভ করা শিক্ষার্থীদেরই এই প্রকল্পে অর্ন্তভুক্ত করা হবে ।এই প্রকল্পের সুযোগ লাভ করতে হলে শিক্ষার্থীদের নির্দিষ্ট অনলাইন পোর্টেলের মাধ্যে আবেদন করতে হবে । সাংসদ ,বিধায়ক ,পঞ্চায়েত সদস্য ,রাজ্য সরকারের স্থায়ী কর্মচারীর সন্তানেরা এই সুবিধা পাবে না । ন্যূনতম দুই লক্ষ টাকার শিক্ষা ঋণ মঞ্জুরী পাওয়া ছাত্র ছাত্রীরাই এই প্রকল্পের সুবিধা লাভ করবে ।

---------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা নির্বাচনী আধিকারিক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে ধলাই সংরক্ষিত বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনের জন্য আজ সংশোধিত খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে । প্রকাশিত খসড়া তালিকা জেলা নির্বাচনী আধিকারিক , সহকারী নির্বাচনী আধিকারিকের কার্যালয় এবং ধলাই বিধানসভা আসনের সব বি এল ও-দের কাছে পরিদর্শনের জন্য পাওয়া যাচ্ছে । এই খসড়ার বিষয়ে কোনোধরণের দাবী ও আপত্তি থাকলে তা আগামী ১০ই আগস্টের মধ্যে জমা দিতে বলা হয়েছে ।

উল্লেখ্য- ধলাই সংরক্ষিত বিধানসভা আসনে ২০৮টি ভোট কেন্দ্র রয়েছে । এরমধ্যে ৯৯ হাজার ৪৩১ জন পুরুষ ভোটার ও ৯৭ হাজার ৩৪০ জন মহিলা ভোটার , সহ একজন তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন । এই কেন্দ্রে সর্বমোট এক লক্ষ ৯৬ হাজার ৭৭২ জন ভোটার রয়েছেন ।

---------------------------------------------------------------------------

আসাম সরকারের পক্ষ থেকে জনসাধারনকে খাদ্য দ্রব্যের বিষাক্ত প্রতিক্রিয়া থেকে বাঁচাতে খাদ্য সামগ্রীর প্রস্তুত প্রনালী সর্ম্পকে কিছু পরামর্শবলী জারী করা হয়েছে । রাজ্যের খাদ্য ,সরবরাহ ও গ্রাহক পরিক্রমা বিভাগের পক্ষ থেকে জারী করা এই পরামর্শবলীতে খাদ্য দ্রব্য প্রস্তুত করার সময় বাসনপত্র ভালোভাবে পরিষ্কার করে ধুয়ে নিতে এবং শাক-সবজী ৪-৫ বার পরিষ্কার জুলে ধুয়ে ঢেকে রাখতে বলা হয়েছে । প্রস্তুত করা খাদ্য সামগ্রী ভালভাবে ঢেকে রাখার পরামর্শ দেওয়া হয়েছে । হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে খাদ্যে বিষক্রিয়া এড়াতে জনসাধারনকে সর্তক থাকতে আবেদন জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------

পূর্ত বিভাগের ধলাই ও সোনাই টেরিটোরিয়াল সড়ক শাখার পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে আমড়াঘাট পূর্ত সড়ক থেকে জুড়খাল ফেরিঘাট পর্যন্ত চৈলতা নদীর উপর থাকা এক বাই এক-আর সি সি সেতুর অবস্থা ভালো না থাকায় এই সেতুর উপর দিয়ে সব ধরনের ভারী যান চলাচল বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে । বিজ্ঞপ্তিতে আরো জানানো হয়েছে যে এই

সেতুর উপর দিয়ে শুধুমাত্র দুই চাকার এবং তিন চাকার যানবাহন চলাচল করতে পারবে ।

------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলার পুলিশ প্রশাসনের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে ঐ জেলার বিভিন্ন পুলিশ থানা , আউট পোষ্ট , পুলিশ রির্জাভে রাখা ২৬৬টি দাবীদার বিহীন ও ব্যবহারের অযোগ্য যানবাহন নিলামে বিক্রয়ের জন্য গত ২৬শে জুলাই যে দরপত্র আহ্বান করা হয়েছিল , এই দরপত্রে উল্লেখিত ক্রমিক নম্বর ২৬০ ও ২৬১ এর অল্টো দুটির প্রকৃত মালিক তাদের গাড়ি সমঝে নেওয়ায় , ওই যান দুটিকে নিলাম থেকে বাদ দেওয়া হয়েছে । জেলার পুলিশ সুপার জানিয়েছেন যে নিলাম প্রক্রিয়ার আগে , কোনো গাড়ির প্রকৃত মালিককে শনাক্ত করা হলে , ওই গাড়িটিকে নিলাম সংক্রান্ত দরপত্র থেকে বাদ দেওয়া হবে ।

------------------------------------------------------------------------

অল আসাম ইলেকট্রিসিটি কনজুমার্স এসোসিয়েশনের কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে তাদের বিভিন্ন দাবীর সর্মথনে আজ এ পি ডি সি এল-এর শিলচর এক নম্বর ডিভিশনের সহকারী জেনারেল ম্যানেজারের কাছে একটি স্মারক পত্র প্রদান করা হয়েছে । স্মারক পত্রে জেলার ঘন ঘন লোডশেডিং বন্ধ করা , নিরবচ্ছিন্ন ও নিয়মিত বিদ্যুৎ সরবরাহ করা , ল ভল্টেজ সমস্যার স্থায়ী সমাধান করা , পুরোনো অকেজো বৈদ্যুতিক তার ও ট্রান্সফরমারের পরিবর্তন করার দাবী জানানো হয়েছে । স্মারক পত্র প্রদানকালে প্রতিনিধি দলে কমল চক্রবর্তী , মধুসূদন কর , খাদেজা বেগম লস্কর প্রমূখ উপস্থিত ছিলেন ।

------------------------------------------------------------------------

ব্রেক থ্রু সায়েন্স সোসাইটির শিলচর চ্যাপ্টারের উদ্যোগে আজ বড়খলা বিধানসভা কেন্দ্রের বদরপুর-মাছিমপুর গ্রাম পঞ্চায়েতের ১৫৭৪ নম্বর মাছিমপুর প্রাথমিক বিদ্যালয়ে বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা শিবির অনুষ্ঠিত হয় । শিবিরে প্রায় ১৮০ জন রোগীর স্বাস্থ্য পরীক্ষা করা হয় ।

------------------------------------------------------------------------

পাঞ্জাব ন্যাশনেল ব্যাঙ্ক পরিচালিত আর সে টি-কাছাড়ের উদ্যোগে দশ দিনের ছাগল পালনের উপর বিশেষ প্রশিক্ষন কার্য্যসূচী গ্রহন করা হয়েছে । আগামী পয়লা আগস্ট থেকে এই প্রশিক্ষন কর্মশালা শুরু হবে । ছাগলের ফার্ম করে সাবলম্বী হতে ইচ্ছুক ব্যাক্তিদের বিশদ বিবরনের জন্য শিলচরের আর সেটি কার্য্যলয়ে যোগাযোগ করতে বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------